

# Coralcal-Kit™

1 tablet of Ibandronic Acid 150mg as Ibandronate Sodium Monohydrate INN and 30 tablets of Calcium & Vitamin D<sub>3</sub> (each containing 600mg Calcium as Calcium Carbonate USP & 400 IU of Vitamin D<sub>3</sub> as Cholecalciferol USP)

## Composition:

**Coralcal-Kit™:** Each kit contains 1 Ibandronic Acid (Bonova™) Tablet and 30 Tablets of Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®).

Each 1 tablet of Ibandronic Acid (Bonova™) contains 168.80mg Ibandronate Sodium Monohydrate INN equivalent to 150mg of Ibandronic Acid.

30 tablets (Coralcal-DX®) of each containing 1500mg of Calcium Carbonate equivalent to 600mg of elemental Calcium and 400 IU of Vitamin D<sub>3</sub> as Cholecalciferol USP.

## Pharmacology:

**Ibandronic Acid (Bonova™) tablet:** Ibandronic Acid (Bonova™) is a highly potent bisphosphonate belonging to the nitrogen-containing group of bisphosphonates, which act on bone tissue and specifically inhibit osteoclast activity, it does not interfere with osteoclast recruitment. The selective action of Ibandronic Acid on bone tissue is based on the high affinity of this compound for hydroxyapatite, which represents the mineral matrix of the bone. Ibandronic Acid reduces bone resorption, with no direct effect on bone formation. In postmenopausal women, it reduces the elevated rate of bone turnover towards premenopausal levels, leading to a progressive net gain in bone mass. Daily or intermittent administration of Ibandronic Acid results in reduced bone resorption as reflected in reduced levels of serum and urinary biochemical markers of bone turnover, increased BMD and a decreased incidence of fractures.

**Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®) tablet:** Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®) provides Calcium and Vitamin D<sub>3</sub> where Calcium Carbonate is sourced from coral origin. The Calcium Carbonate from Coral has a chemical structure that is very similar to the composition of human bone. Coral Calcium is similar to other sources but ensures better absorption. Vitamin D<sub>3</sub> aids in the absorption of calcium from GI tract and helps to maintain calcium balance in the body.

## Indication:

**Coralcal-Kit™** is indicated for the treatment and prevention of Osteoporosis.

## Dose & administration:

1. Day (1-10): Take one Coralcal-DX® (Blue envelope) tablet daily after meal.

2. Day 11:

- I. Take the Bonova™ (Light yellow envelope) tablet 1 hour before breakfast with a full glass of plain water while sitting or standing in an upright position.
- II. After taking Bonova™, patient can usually sit or walk around for 1 hour.
- III. Fruit juice, milk or any other liquids cannot be taken with Bonova™.
- IV. After taking Bonova™, patient must not take any food or liquid for 1 hour.

3. Day (11-30): Take one Coralcal-DX® (Blue envelope) tablet daily after meal.

Or as directed by the physician.

## Contra-indication:

**Ibandronic Acid (Bonova™) tablet:** Bonova™ is contraindicated in patients with known hypersensitivity to Ibandronic Acid or to any of the excipients. Bonova™ is contraindicated in patients with uncorrected hypocalcemia. As with all bisphosphonates indicated in the treatment of osteoporosis, pre-existing hypocalcemia needs to be corrected before initiating therapy with Bonova™. As with several bisphosphonates, Bonova™ is contraindicated in patients with abnormalities of the esophagus which delay esophageal emptying such as stricture or achalasia. Bonova™ is contraindicated in patients who are unable to stand or sit upright for at least 60 minutes.

**Calcium + Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®) tablet:** Hypersensitivity to any of the components, hypocalcaemia resulting from overdose of Vitamin D<sub>3</sub>, hyperparathyroidism, bone metastases, severe renal insufficiency, severe hypercalciuria, renal calculi etc.

## Warning and precaution:

**Ibandronic Acid (Bonova™) tablet:**

**Upper Gastrointestinal Adverse Reactions:** Ibandronic Acid like other bisphosphonates administered orally may cause local irritation of the upper gastrointestinal mucosa. Because of these possible irritant effects, caution should be used when Ibandronic Acid is given to patients with active upper gastrointestinal problems (such as known Barrett's esophagus, dysphagia, other esophageal diseases, gastritis, duodenitis or ulcers).

**Hypocalcaemia and Mineral Metabolism:** Treat hypocalcemia and other disturbances of bone and mineral metabolism before starting therapy.

**Musculoskeletal Pain:** Severe and occasionally incapacitating bone, joint, and/or muscle pain has been reported in patients taking Ibandronic Acid and other bisphosphonates.

**Jaw Osteonecrosis:** Osteonecrosis, primarily in the jaw, has been reported in patients treated with bisphosphonates. Most cases have been in cancer patients undergoing dental procedures, but some have occurred in patients with postmenopausal osteoporosis or other diagnoses.

**Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®) tablet:** In presence of mild hypercalciuria, careful monitoring with reduction of dose may be needed. Plasma and serum calcium level should be monitored in mild to moderate impairment and also in case of long term use. Patients with renal stone or with such previous, history should also take precaution.

## Side effects:

**Ibandronic Acid (Bonova™) tablet:** Common side effects include Hypertension, Dyspepsia, Nausea, Diarrhea, Abdominal Pain, Arthralgia, Back Pain, Localized Osteoarthritis, Myalgia, Muscle Cramp, Influenza, Nasopharyngitis, Bronchitis, Urinary Tract Infection, Upper Respiratory Tract Infection, Headache, Dizziness, Skin rash, Insomnia etc.

**Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®) tablet:** Flatulence, Diarrhoea, Constipation, Upper GI Discomfort etc. are rare manifestation. Hyper-calcaemia due to prolong use has rarely been reported.

## Use in pregnancy & lactation:

**Pregnant Women:** There are no adequate and well-controlled studies in pregnant women. Ibandronic Acid should not be used during pregnancy.

**Lactating mother:** It is not known whether Ibandronic Acid is excreted in human milk. Ibandronic Acid should not be used during lactation.

## Use in children and adolescents:

Safety and effectiveness in children and adolescents have not been established.

## Drug interactions:

### With medicine

**Ibandronic Acid (Bonova™) tablet:** Products containing calcium and other multivalent cations (such as aluminum, magnesium, iron) and antacids are likely to interfere with absorption of Ibandronate. It is also found to interact with H2 blockers such as Ranitidine in several clinical trials.

**Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®) tablet:** Oral Calcium can reduce the absorption of Tetracycline & Fluoride preparations and minimum 3 hours' time should be allowed between ingestion of these medications. Thiazide diuretics reduces the renal excretion of calcium. Phenytoin, Barbiturates, Glucocorticoids may induce metabolism of Vitamin D.

### With food and others

**Ibandronic Acid (Bonova™) tablet:** Foods including milk likely to interfere with absorption of Ibandronic Acid. Therefore, food intake must be delayed for 60 minutes.

**Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®) tablet:** Concomitant ingestion of certain foods like spinach, cereals, milk and its derivatives may reduce the intestinal uptake of calcium.

## Overdose:

**Ibandronic Acid (Bonova™) tablet:** No specific information is available on the treatment of over dosage of Ibandronic Acid. However, based on knowledge of this class of compounds, oral over dosage may result in hypocalcemia, hypophosphatemia, and upper gastrointestinal adverse events.

**Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®) tablet:** At high doses it may result in nausea, vomiting, dizziness, anorexia, abdominal cramps, headache, constipation, irritability etc. Treatment includes cessation of therapy and adequate rehydration.

## Storage:

Do not store above 30°C, protect from light & moisture.

Keep out of reach of children.

## Packing:

**Coralcal-Kit™** : Each box contains 1 tablet of Ibandronic Acid (Bonova™-Light yellow envelope) in Alu-PVC/PVDC blister and 30 (3x10) tablets of Calcium & Vitamin D<sub>3</sub> (Coralcal-DX®-Blue envelope) in Alu-PVC/PVDC blister.

® = Registered Trade Mark

TM = Trade Mark

**RADIANT**  
PHARMACEUTICALS

Manufactured by  
**Radiant Pharmaceuticals Limited**  
B-34 & B-46, BSCIC Industrial Estate  
Tongi, Gazipur-1710, Bangladesh

## কোরালক্যাল-কিট™

১ টি ইবানড্রোনিক এসিড ১৫০ মিগ্রা ট্যাবলেট যা ইবানড্রোনোট সোডিয়াম মনোহাইড্রেট আইএনএন হিসেবে আছে এবং ৩০ টি ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ ট্যাবলেট (প্রতিটিতে রয়েছে ৬০০ মিগ্রা ক্যালসিয়াম যা ক্যালসিয়াম কার্বনেট ইউএসপি হিসেবে ও ৪০০ আই ইউ ভিটামিন ডি৩ যা কোলেক্যালসিফেরল ইউএসপি হিসেবে আছে)

### উপস্থাপনাঃ

কোরালক্যাল-কিট™: প্রতিটি কিটে রয়েছে ১ টি ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট এবং ৩০ টি ক্যালসিয়াম ও ভিটামিন-ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট।

১ টি ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেটে রয়েছে ১৬৮.৮০ মিগ্রা ইবানড্রোনোট সোডিয়াম মনোহাইড্রেট আইএনএন যা ১৫০ মিগ্রা ইবানড্রোনিক এসিড এর সমতুল্য।

৩০ টি ক্যালসিয়াম ও ভিটামিন-ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেটের প্রতিটিতে রয়েছে ১৫০০ মিগ্রা ক্যালসিয়াম কার্বনেট যা ৬০০ মিগ্রা মৌলিক ক্যালসিয়ামের সমতুল্য এবং ৪০০ আই ইউ ভিটামিন ডি৩ যা কোলেক্যালসিফেরল ইউএসপি হিসেবে আছে।

### ফার্মাকোলজিঃ

ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট: ইবানড্রোনিক এসিড অস্টিওক্লাস্টের কার্যক্রম প্রতিরোধ করে এবং বোন রিসর্পশন ও টার্নওভার হ্রাস করে। এটি মেনোপজ পরবর্তী মহিলাদের বোন টার্নওভার হ্রাস কমিয়ে পর্যায়ক্রমে হাড়ের ওজন বৃদ্ধি করে। ইবানড্রোনিক এসিড খাদ্যানালীর উর্ধ্বাংশে শোষিত হওয়ার পর হাড়ের সাথে দ্রুত আবদ্ধ হয় অন্যথায় অপরিবর্তিতভাবে মূত্রের সাথে বেরিয়ে যায়।

ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট: কোরালক্যাল-ডিএক্স® প্রদান করে ক্যালসিয়াম এবং ভিটামিন-ডি৩। যেখানে ক্যালসিয়াম কার্বনেট কোরাল উৎস থেকে সংগ্রহ করা হয়। কোরাল থেকে সংগৃহীত ক্যালসিয়াম কার্বনেট-এর রাসায়নিক গঠন মানুষের হাড়ের উপাদানের সঙ্গে অধিকতর সঙ্গতিপূর্ণ। কোরাল ক্যালসিয়াম এর ক্যালসিয়াম কার্বনেট অন্যান্য উৎসের সঙ্গে সাদৃশ্যপূর্ণ কিন্তু ইহার ক্যালসিয়ামের পরিশোধন অধিকতর বেশী। ভিটামিন ডি৩ পরিপাকতন্ত্রে ক্যালসিয়াম এর শোষণে ব্যাপক সহায়তা করে এবং শরীরে ক্যালসিয়াম এর ভারসাম্য রক্ষা করে। এছাড়াও হাড়ের বৃদ্ধিতে, অস্টিওপোরোসিস এবং এই সংক্রান্ত জটিলতায় কোরালক্যাল-ডিএক্স® এর বিশেষ ভূমিকা আছে।

### নির্দেশনাঃ

কোরালক্যাল-কিট™ অস্টিওপোরোসিসের চিকিৎসায় ও প্রতিরোধে নির্দেশিত।

### মাত্রা ও সেবনবিধিঃ

১. দিন (১-১০ তম): প্রতিদিন ১ টি করে কোরালক্যাল-ডিএক্স® (নীল খাম) ট্যাবলেট খাবারের পর সেবন করুন।

২. দিন ১১ তম:

- সকালে ঘুম থেকে উঠে সম্পূর্ণ খালি পেটে সোজা হয়ে বসে অথবা দাঁড়িয়ে এক গ্লাস পানির সাহায্যে বনোভা™ (হালকা হলুদ খাম) ট্যাবলেট সেবন করতে হবে।
- বনোভা™ গ্রহণের পরবর্তী ১ ঘন্টা সোজা হয়ে স্বাভাবিক হাটাচলা করা যাবে বা বসে থাকা যাবে।
- ফলের রস, দুধ বা অন্য কোন তরল খাবারের সাথে বনোভা™ সেবন করা যাবে না।
- বনোভা™ সেবনের পর ১ ঘন্টা পর্যন্ত অন্য কোন খাবার অথবা পানীয় গ্রহণ করা যাবে না।

৩. দিন (১১-৩০ তম): প্রতিদিন ১ টি করে কোরালক্যাল-ডিএক্স® (নীল খাম) ট্যাবলেট খাবারের পর সেবন করুন।

অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেবন করুন।

### প্রতিনির্দেশনাঃ

ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট: ইবানড্রোনিক এসিড বা এর যেকোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীদের জন্য বনোভা প্রতিনির্দেশিত।

ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট: গুঁষুধটির যেকোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা, ভিটামিন-ডি৩ এর মাত্রাধিক্যের কারণে হাইপোক্যালসেমিয়া, হাইপার-প্যারাথারয়েডিজম, বোন মেটাস্টেসিস, গুরুতর মূত্র হ্রাস, গুরুতর হাইপারক্যালসিউরিয়া, রেনাল ক্যালকুলি ইত্যাদি।

### সতর্কতা ও পূর্বসতর্কতাঃ

ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট:

উপর পরিপাকতন্ত্রে ক্রিয়া: ইবানড্রোনিক এসিড অন্যান্য মুখে খাওয়া বিসফসফেনেটের ন্যায় খাদ্যানালীর মিউকোসায় স্থানীয় প্রদাহ ঘটতে পারে। এ ধরনের সম্ভাব্য স্থানীয় প্রদাহজনিত প্রভাবের কারণে উর্ধ্ব খাদ্যানালীর সমস্যায় (বেরেটস ইসোসেফাগাস, ডিসফেজিয়া, অন্যান্য ইসোসেফিজিয়াল ডিজিজ, গ্যাস্ট্রাইটিস, ডিওডোনাইটিস ও আলসার) আক্রান্ত রোগীদের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা উচিত।

হাইপোক্যালসেমিয়া এবং মিনারেল মেটাবলিজম: থেরাপি শুরুর পূর্বে হাইপোক্যালসেমিয়া এবং অন্যান্য অস্থি ও মিনারেল মেটাবলিজমজনিত সমস্যার চিকিৎসা করাতে হবে।

মাসকুলোস্কেলেটাল ব্যথা: ইবানড্রোনিক এসিড ও অন্যান্য মুখে খাওয়া বিসফসফেনেটের ক্ষেত্রে মারাত্মক এবং মাঝে মাঝে অসহনীয় অস্থি, সন্ধি এবং পেশী ব্যথা দেখতে পাওয়া যায়।

চোয়ালের অস্টিওনেকরোসিস: বিসফসফেনেট দ্বারা চিকিৎসার ক্ষেত্রে সাধারণত চোয়ালের অস্টিওনেকরোসিস ঘটতে দেখা যায়। অধিকাংশ ক্ষেত্রে ক্যানসারে আক্রান্ত রোগী যারা দন্ত চিকিৎসা গ্রহণ করছে তাদের ক্ষেত্রে দেখা যায় কিন্তু কিছু পোস্টমেনোপজাল অস্টিওপোরোসিস আক্রান্ত রোগীর ক্ষেত্রেও এটি দেখা যায়।

ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট: মৃদু হাইপারক্যালসিউরিয়ায় নিঃসরণ মাত্রা সতর্কভাবে পর্যবেক্ষণ করতে হবে। মৃদু থেকে মাঝারি মূত্র হ্রাস ও দীর্ঘদিন ব্যবহারে প্লাজমা এবং সিরাম এ ক্যালসিয়াম এর মাত্রা পরিমাপ করতে হবে। যে সকল রোগীর ক্ষেত্রে কিডনীর পাথর সৃষ্টির ইতিহাস আছে সেসব ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।

### পার্শ্বপ্রতিক্রিয়াঃ

ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট: সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া যেমন উচ্চ রক্তচাপ, বদহজম, বমি বমি ভাব, ডায়রিয়া, পেটে ব্যথা, আরথ্রালজিয়া, কোমরের পিছন দিকে ব্যথা, অস্টিওআর্থরাইটিস, মাইয়ালজিয়া, মাংসপেশী কামড়ানো, ইনফ্লুয়েঞ্জা, নেজোসেফরিঞ্জাইটিস, ব্রঙ্কাইটিস, মূত্রনালিতে সংক্রমণ, শ্বাসনালীর উপরের অংশে সংক্রমণ, মাথাব্যথা, বিমুনিভাব, চামড়ায় র‍্যাস ওঠা, ঘুম কম হওয়া ইত্যাদি হতে পারে।

ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট: বিরলক্ষেত্রে পেট ফাঁপা, বুকজ্বালা, ডায়রিয়া বা কোষ্ঠকাঠিন্য হতে পারে। দীর্ঘদিন ব্যবহারে ফলে হাইপার ক্যালসেমিয়া হতে পারে।

### গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহারঃ

গর্ভাবস্থায়: গর্ভবতী মহিলাদের নিয়ে পর্যাণ্ড ও পূর্ণ নিয়ন্ত্রিত গবেষণা করা হয়নি। গর্ভাবস্থায় ইবানড্রোনিক এসিড গ্রহণ করা উচিত নয়।

স্তন্যদানকালে: মাতৃদুদে ইবানড্রোনিক এসিড এর নিঃসরণ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। স্তন্যদানকালে ইবানড্রোনিক এসিড গ্রহণ করা উচিত নয়।

### শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহারঃ

শিশু ও কিশোরদের ক্ষেত্রে কোরালক্যাল-কিট™ নির্দেশিত নয়।

### আন্তঃগুঁষুধ ক্রিয়াঃ

গুঁষুধের সাথে ক্রিয়া

ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট: সাধারণত ক্যালসিয়াম, এবং মাল্টি ভেলেন্ট ক্যাটায়ন (যেমন ক্যালসিয়াম, ম্যাগনেশিয়াম এবং আয়রন) ইবানড্রোনিক এসিডের শোষণে বাধা প্রদান করে এবং এটাসিড ইবানড্রোনিক এসিডের এর শোষণে বাধা প্রদান করতে পারে। কিছু ক্লিনিকাল ট্রায়ালে দেখা গেছে, এটি এইচ ২ ব্লকার যেমন রেনিটিডিন এর সাথেও ক্রিয়া করে।

ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট: সেব্য ক্যালসিয়াম, টেট্রাসাইক্লিন ও ফ্লোরাইড জাতীয় ঔষধের শোষণ হ্রাস করতে পারে, তাই এই সকল সেবনের মধ্যবর্তী বিরতি কমপক্ষে তিন ঘন্টা হওয়া বাঞ্ছনীয়। থায়াজাইড ডাইউরেটিক, ক্যালসিয়াম এর নিঃসরণ ক্ষমতা হ্রাস করে। ফেনাইটোইন, বারবিচুরেট, গ্লুকোকোর্টিকয়েড ভিটামিন-ডি৩ এর বিভাজন ঘটাতে পারে।

খাবার ও অন্যান্য উপাদানের সাথে ক্রিয়া

ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট: কিছু কিছু খাবার যেমন-দুধ ইবানড্রোনিক এসিডের শোষণকে বাধা প্রদান করে। তাই যে কোন ধরণের খাবার খাওয়ার জন্য ১ঘন্টা অপেক্ষা করা উচিত।

ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট: কিছু সংখ্যক খাদ্য যেমন শাক, যব, আন্যান্য শস্যজাত খাদ্য, দুধ ও দুগ্ধজাত খাদ্য ক্যালসিয়ামের আন্ত্রিক অধিগ্রহণ হ্রাস করে।

### অতিরিক্ত মাত্রায় সেবনঃ

ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট: ইবানড্রোনিক এসিড এর মাত্রাধিক্যের চিকিৎসা সংক্রান্ত কোন সুনির্দিষ্ট তথ্য জানা যায়নি। ইবানড্রোনিক এসিড এর মাত্রাধিক্যে হাইপোক্যালেমিয়া, হাইপোফসফেটিমিয়া এবং পরিপাকতন্ত্রের উপরিভাগে পার্শ্ব-প্রতিক্রিয়া হতে পারে।

ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট: অতিরিক্ত মাত্রায় সেবনে বমি বমি ভাব, বমি, বিমুনি, ক্ষুধামন্দা, পেট কামড়ানো, মাথা ব্যথা, কোষ্ঠকাঠিন্য বা অস্বস্তিভাব হতে পারে। চিকিৎসা হিসাবে সেবন বন্ধ এবং অতিমাত্রায় তরল গ্রহণ করতে হবে।

### সংরক্ষণঃ

৩০°সেঃ তাপমাত্রার উপরে সংরক্ষণ করা থেকে বিরত থাকুন, আলো এবং আর্দ্রতা থেকে দূরে রাখুন।

শিশুদের নাগালের বাইরে রাখুন।

### সরবরাহঃ

কোরালক্যাল-কিট™: প্রতিটি বাক্সে রয়েছে হালকা হলুদ খামে ১ টি ইবানড্রোনিক এসিড (বনোভা™) ট্যাবলেট অ্যান্ড-পিভিসি/পিভিডিসি ব্লিস্টার প্যাকে এবং নীল খামে রয়েছে ৩০ (৩x১০) টি ক্যালসিয়াম ও ভিটামিন ডি৩ (কোরালক্যাল-ডিএক্স®) ট্যাবলেট অ্যান্ড-পিভিসি/পিভিডিসি ব্লিস্টার প্যাকে।

বিস্তারিত তথ্যের জন্য ইংরেজী অংশ দেখুন।

® রেজিস্টার্ড ট্রেডমার্ক

TM = ট্রেডমার্ক

**RADIANT**  
PHARMACEUTICALS

প্রস্তুতকারক

রেডিয়েন্ট ফার্মাসিউটিক্যাল্‌স লিমিটেড

বি-৩৪ ও বি-৪৬, বিসিক শিল্প এলাকা

টঙ্গী, গাজীপুর-১৭১০, বাংলাদেশ